

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা)
২৩২/১ তেজগাঁও শি/এ, ঢাকা-১২০৮
www.bnfe.gov.bd

প্রকল্পের পরিচিতি:

- প্রকল্পের নাম : মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা)।
Basic literacy Project (64 Districts)
- অনুমোদনের তারিখ: : একনেকের ১১ ফেব্রুয়ারী ২০১৪ তারিখের সভায় অনুমোদিত হয়।
- সরকারী আদেশ জারীর তারিখ : ০৫ জুন ২০১৪।
- বাস্তবায়নকারী সংস্থা : উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো।
- প্রকল্প কার্যালয় : এনএফই ভবন (৩য় তলা), ২৩২/১ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
- প্রকল্পের অধিক্ষেত্র : ৬৪ জেলার ২৫০টি উপজেলা।
- টার্গেট গ্রুপ : দেশের ১৫-৪৫ বছর বয়সের নিরক্ষর নারী-পুরুষ।
- উপকার ভোগীর লক্ষ্যমাত্রা : দেশের ৪৫ লক্ষ নিরক্ষর নারী পুরুষ।
- লক্ষ্য ও উদ্দেশ্য : ক) ১৫-৪৫ বছর বয়সের নিরক্ষর নারী-পুরুষকে মৌলিক সাক্ষরতা ও জীবন দক্ষতা ভিত্তিক শিক্ষা প্রদান।
খ) দেশের নিরক্ষরতা দূরীকরণে এবং জাতীয় উপানুষ্ঠানিক শিক্ষানীতি-২০০৬ ও জাতীয় শিক্ষানীতি-২০১০ বাস্তবায়নে অবদান রাখা।
- বাস্তবায়ন কৌশল : প্রকল্পের মেয়াদ ৫ বছর। তন্মধ্যে প্রথম বছর প্রস্তুতিমূলক কার্যাবলী সম্পাদনের জন্য নির্ধারিত। পরবর্তী ০৪(চার) বছরে ৪টি পর্যায়ে (Phase) প্রকল্পটি বাস্তবায়ন করা হবে। ১ম পর্যায়ে ৬৪টি উপজেলায়, ২য় পর্যায়ে ৭৩টি উপজেলায়, ৩য় পর্যায়ে ৭৫টি উপজেলায় এবং ৪র্থ পর্যায়ে ৩৮টি উপজেলায় প্রকল্পের কর্মসূচী বাস্তবায়ন করা হবে।
প্রকল্প বাস্তবায়নের জন্য একটি প্রকল্প ব্যবস্থাপনা কাঠামোর বিধান রয়েছে যেটির দুটি অংশ হলো (ক) প্রকল্প বাস্তবায়ন ব্যবস্থাপনা ইউনিট (PIMU) এবং (খ) উপজেলা কাঠামো। প্রকল্প বাস্তবায়ন ব্যবস্থাপনা ইউনিট এর প্রধান হবেন একজন প্রকল্প পরিচালক (PD) এবং উপজেলা কাঠামোতে একজন উপজেলা প্রোগ্রাম অফিসার (UPO) নিয়োজিত থাকবেন।
প্রতিটি উপজেলায় ৩০০টি শিক্ষা কেন্দ্র (Learning Center) স্থাপন করে অনুমোদিত প্রাইমার (প্রাথমিক পর্যায়ের পাঠ্যবই) অনুসরণ পূর্বক প্রতি কেন্দ্রে দুই শিফটে ৩০ জন পুরুষ ও ৩০জন নারীকে মৌলিক সাক্ষরতা ও জীবন দক্ষতা ভিত্তিক শিক্ষা কার্যক্রম পরিচালনা করা হবে। ২৫০টি উপজেলায় ৭৫০০০ (পঁচাত্তর হাজার) টি শিক্ষা কেন্দ্র স্থাপিত হবে। এ ভাবে ৪৫ (পয়তাল্লিশ লক্ষ) নিরক্ষর জনগোষ্ঠীকে প্রকল্পের কার্যক্রমের আওতায় অন্তর্ভুক্ত করা হবে। প্রকল্প কার্যক্রম বাস্তবায়নের জন্য প্রতিটি উপজেলার জন্য ১টি করে বাস্তবায়নকারী এনজিও নিয়োগ করা হবে। বাস্তবায়নকারী এনজিও বেইজ লাইন সার্ভে এবং শিক্ষা কেন্দ্র পরিচালনা সম্পর্কিত

[Signature]

